# 113993 - আশুরা উপলক্ষে প্রস্তুতকৃত খাবার খাওয়া এবং কারো জন্মদিন উপলক্ষে বাড়তি খরচ করা

প্রশ্ন

আশুরার দিনে প্রস্তুতকৃত আশুরার খাবার খাওয়া কি বিদাত? যদি আমি একদিন আগে বা পরে খাই সেটা কি বিদাত হবে? কারো জন্মদিনে বাড়তি খরচ করার বিধান কি? যেমন- কিছু ফলমূল ও মিষ্টান্ন ক্রয় করা; কোন অনুষ্ঠান করা ছাড়া।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

এই খাবার যদি শিয়াদের খাবার হয় যেটা তারা আশুরা উপলক্ষে প্রস্তুত করে থাকে; খাবারের সাথে নিজেকে নিজে চপেটাঘাত ও প্রহার করা ইত্যাদিও তারা করে থাকে তাহলে এটি গর্হিত বিদাত এর অন্তর্ভুক্ত হবে; যে সব থেকে দূরে থাকা ও যে গুলোতে অংশগ্রহণ না করা একজন মুসলিমের উপর আবশ্যকীয়। ইতিপূর্বে আমরা 102885 নং প্রশ্নোত্তরের জবাবে শাইখ আব্দুল আযিয বিন বায (রহঃ) এর ফতোয়া উদ্ধৃত করেছি।

আর যদি এ খাবারের সাথে এ রকম সম্পৃক্ত না থাকে এবং এর উদ্দেশ্য হয় নিজের ও পরিবারের জন্য বাড়তি কিছু খাবারের ব্যবস্থা করা তাহলে এতে কোন অসুবিধা নেই এবং এটাকে বিদাত বলা যাবে না।

আলেমগণের অনেকে আশুরার দিন নিজের জন্য বা পরিবারের জন্য বাড়তি কিছু ব্যয় করা বাঞ্ছনীয় মর্মে উল্লেখ করেছেন। এ বিষয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে কিছু হাদিসও বর্ণিত হয়েছে; কিন্তু সবগুলো হাদিস দুর্বল; সহিহ নয়।

দুই:

কারো জন্মদিন পালন করা গর্হিত বিদাত। ইতিপূর্বে 1027 নং প্রশ্নোত্তরে তা উল্লেখ করা হয়েছে।

জন্মদিনে মিষ্টান্ন ও ফলমূলের ব্যবস্থা করা সে দিনটি উদযাপন করা ও সে দিনকে মর্যাদা দেয়ার পর্যায়ভুক্ত। তাই এটি করা উচিত নয়।